বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ
E-mail:dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবি-শাখা-০৪(এসএমই)-৬(১)/২০২০-২০২১/ ৬৭৮-(১২০০) তারিখ ঃ ১৭.০৮.২০২০

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
ও
স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ সিএমএসএমই খাতে ঋণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদির বিবরণী সরবরাহ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ০১ সেপ্টেম্বর-২০১৬ তারিখের পত্র নং-৫৩.০০.০০০০.৩১২.১৬.০১০.১৬-১৯৩ ও ২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের ০৫/০৯/২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ অনুযায়ী চাহিত তথ্যাদি সরবরাহের নির্দেশনা রয়েছে।

০২। আপনার বিভাগাধীন শাখাসমূহ হতে উল্লেখিত বিষয়ে বিবরণী বিলম্বে পাওয়া বা আদৌ বিবরণী না পাওয়ায় মন্ত্রনালয়/বাংলাদেশ ব্যাংকে যথাসময়ে তথ্যাদি প্রেরণ করা সম্ভব হচ্ছে না ফলশ্রুতিতে অত্র ব্যাংকের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। এমতাবস্থায়, আপনার বিভাগাধীন শাখাসমূহ হতে নিম্নোক্ত ছক অনুযায়ী বিবরণীসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে অত্র বিভাগের ই-মেইল (dgmsme@krishibank.org.bd) এ সফটকপি এবং ডাকযোগে হার্ডকপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। বিলম্বে বিবরণী প্রেরণ বা আদৌ প্রেরণ না করার ফলে কোন জটিলতা বা সমস্যার সৃষ্টি হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে। উল্লেখ, প্রস্তুতকারী ও অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর ব্যতীত প্রতিবেদন গ্রহণযোগ্য নয়।

| | বিবরনীর নাম | অত্র বিভাগে পৌছানোর সময়সীমা |
|---|---|---|
| ০১ | ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রদত্ত প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের মাসিক বিবরণী | প্রতি মাসের ০৩ তারিখ |
| ০২ | এসএমই নারী উদ্যোক্তা ঋণ সুবিধা সংক্রান্ত মাসিক বিবরণী | প্রতি মাসের ০৩ তারিখ |
| ০৩ | সিএমএসএমই খাতে ঋণ বিতরণ ও স্থিতির মাসিক বিবরণী | প্রতি মাসের ০৫ তারিখ |
| ০৪ | সিএমএসএমই খাতে ঋণ বিতরণের ত্রৈমাসিক বিবরণী | প্রতি ত্রৈমাসান্তে পরবর্তী মাসের ০৭ তারিখ |
| ০৫ | সিএমএসএমই খাতে ক্লাস্টারভিত্তিক ঋণ বিতরণের ত্রৈমাসিক বিবরণী | প্রতি ত্রৈমাসান্তে পরবর্তী মাসের ০৭ তারিখ |
| ০৬ | কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণের ত্রৈমাসিক বিবরণী | প্রতি ত্রৈমাসান্তে পরবর্তী মাসের ০৭ তারিখ |
| ০৭ | সিএমএসএমই খাতে ঋণ কার্যক্রম সংক্রান্ত বাৎসরিক বিবরণী | প্রতি বছরান্তে পরবর্তী মাসের ১০তারিখ |

অনুমোদনক্রমে-

বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

17/08/2020

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ

০১। উপ- মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (তাঁকে পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটের প্রাইভেট জোনে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক। (তাঁদেরকে পত্রের নির্দেশনা মোতাবেক বিবরণী সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
০৩। সকল শাখা ব্যবস্থাপক (সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।
০৪। নথি/ অফিস নথি।

17/08/2020

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক